গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
পর্যটন-৩ শাখা
www.mocat.gov.bd

স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০০০.০২৫.১৮.০০০১.২৫.৩৬

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩৩ / ১৩ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: আল হুমায়রা ইন্টারন্যাশনাল এর নিবন্ধন সনদ স্থগিত আদেশ।
সূত্র: জনাব হাফিজ মোঃ হোসাইন মুন্সী এর গত ৭.১২.২০২৫ তারিখের অভিযোগ।

যেহেতু, জনাব মোঃ শহীদুল্লাহ, স্বত্বাধিকারী, আল হুমাইরা ইন্টারন্যাশনাল, ঠিকানা: ইব্রাহিম সোবহান টাওয়ার, পাইওনিয়ার হসপিটালের নিচে, নোয়াপাড়া, পথের হাট, রাউজান, চট্টগ্রাম ট্রাভেল এজেন্সি এর অনুকূলে ১৩.১২.২০২২ হতে তারিখ হতে ১২.১২.২০২৫ তারিখ মেয়াদে নিবন্ধন সনদ নং-০০১৩৯৯৯ ইস্যু করা হয়। উক্ত সনদের মেয়াদ গত ১২.১২.২০২৫ তারিখে উত্তীর্ণ হয়।

২। আল হুমাইরা ট্রাভেল এজেন্সির বিরুদ্ধে জনাব হাফিজ মোঃ হোসাইন মুন্সী কর্তৃক অভিযোগ দাখিল করা হয়। উক্ত অভিযোগে জানানো হয়েছে যে, তিনি ওমরাহ পালনের উদ্দেশ্যে ২৬ জন ওমরা যাত্রীর টিকেট আল হুমাইরা ইন্টারন্যাশনাল হতে ক্রয় করেন। অভিযোগকারী বিভিন্ন তারিখে ২৬ জনের এয়ার টিকেট ও ওমরা ভিসা বাবদ নির্ধারিত টাকা উক্ত এজেন্সিকে পরিশোধ করেন। কিন্তু উক্ত এজেন্সি ফ্লাইট ছাড়ার পূর্ব মুহূর্তে (২৮ শে অক্টোবর ২০২৫) সমস্ত টাকা টিকেট হতে রিফান্ড করা হয়। ফলে হাজীদের হজ্জ যাত্রা সম্ভব হয় না। অভিযোগে আরো জানানো হয়েছে যে, বর্ণিত এজেন্সির স্বত্বাধিকারী সাধারণ মানুষের সাথে নিয়মিতভাবে প্রতারণা করে আসছে।

৩। আল হুমাইরা ট্রাভেল এজেন্সির বিরুদ্ধে অভিযোগের প্রেক্ষিতে গত ০১.০৪.২০২৬ তারিখ ও ০৪.০৮.২০২৬ তারিখ নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক শুনানি গ্রহণের তারিখ নির্ধারণ করা হয়। কিন্তু শুনানিতে অভিযোগকারী জনাব হাফিজ মোঃ হোসাইন মুন্সী দুই বার উপস্থিত হলেও ট্রাভেল এজেন্সির স্বত্বাধিকারী উপস্থিত হন নি। এছাড়া ট্রাভেল এজেন্সির স্বত্বাধিকারীকে OTAMS এ দাখিলকৃত তার মোবাইল নম্বরে একাধিকবার ফোন কল ও হোয়াটসঅ্যাপে নোটিশ প্রেরণ করা হলেও তিনি কোন রেসপন্স করেন নি।

৪। বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ৯(গ) ধারা এবংবাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর ১৫ (ক)(খ)(গ) বিধি অনুসারে ট্রাভেল এজেন্সিসমূহের জন্য নির্ধারিত আচরণবিধির কোনো বিধান লংঘন করিলে নিবন্ধন কর্তৃপক্ষ কোন ট্রাভেল এজেন্সির নিবন্ধন সনদ স্থগিত বা বাতিল করতে পারে। নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক একাধিকবার শুনানি তারিখ নির্ধারণ করা হয়। একইসাথে নথিপত্র তদন্ত করা হয়।

৫। বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ৯(গ) ধারা এবংবাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর ১৫ (ক)(খ)(গ) বিধি অনুসারে গ্রাহককে অঙ্কীকারবদ্ধ সেবা প্রদান না করায় এবং গ্রাহকের সাথে প্রতারণার আশ্রয় গ্রহণ করায় উক্ত আইন ও বিধিমালার বিধান অনুযায়ী আল হুমাইরা ইন্টারন্যাশনাল ট্রাভেল এজেন্সি এর ০০১৩৯৯৯ নং নিবন্ধন সনদ স্থগিত করা হলো।

৬। এমতাবস্থায়, আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে এ মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত নিবন্ধন ও নিবন্ধন নবায়ন সনদসমূহ ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১৩-০৯-২০২৬
বেগম নায়লা আহমেদ
যুগ্ম-সচিব

মোঃ শহীদুল্লাহ, স্বত্বাধিকারী
আল হুমাইরা ইন্টারন্যাশনাল, ইব্রাহিম সোবহান টাওয়ার, পাইওনিয়ার হসপিটালের নিচে, নোয়াপাড়া, পথের হাট, রাউজান, চট্টগ্রাম।।

স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০০০.০২৫.১৮.০০০১.২৫.৩৬/১ (১২)

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩৩ / ১৩ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। সচিব, সচিবের দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। সচিব, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৪। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম (বাতিলকৃত রেজিস্ট্রেশন সার্টিফিকেট দ্বারা যাতে অবৈধভাবে ট্রাভেল এজেন্সির ব্যবসা পরিচালনা করতে না পারে সে বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, চট্টগ্রাম।
৭। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
৮। প্রোগ্রামার, আইসিটি সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। প্রশাসক, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব), সাত্তারা সেন্টার (১৬ তলা), ৩০/এ নয়াপল্টন, ঢাকা।
১০। ব্যক্তিগত কর্মকর্তা, পর্যটন অনুবিভাগ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
১১। ব্যক্তিগত কর্মকর্তা, পর্যটন- ১ অধিশাখা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
১২। অফিস কপি।

২১-০৯-২০২৬
বেগম নায়লা আহমেদ
যুগ্ম-সচিব